

তথ্যবিবরণী

নম্বর-১৪৭

## বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে ময়মনসিংহে আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদযাপিত:

ময়মনসিংহ: (শুক্রবার, ০৮ মার্চ ২০২৪ খ্রি.)

যথাযোগ্য মর্যাদায় বর্ণাঢ্য কর্মসূচির মধ্য দিয়ে ময়মনসিংহে আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। 'নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ' প্রতিপাদ্যকে সামনে রেখে ময়মনসিংহ জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহের আয়োজনে দিবসটি উদযাপনে বেলুন উড়ানো, বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শুক্রবার (০৮ মার্চ) সকাল ৯টায় ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয় প্রাঙ্গণে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে বেলুন উড়িয়ে দিবসের কর্মসূচির উদ্বোধন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। পরে কার্যালয় প্রাঙ্গণ হতে বিভাগীয় কমিশনারের নেতৃত্বে সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, নারী উদ্যোক্তা, বিভিন্ন পর্যায়ের নারী অংশগ্রহণকারীসহ শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়।

পরে, সকাল ১০টায় নগরীর ভাষা শহীদ আব্দুল জব্বার মিলনায়তনে দিবসটি উপলক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করে বলেন, পুরুষদের দোষারোপ করে সময় নষ্ট করার চেয়ে নারীদের নিজেদের যোগ্যতার প্রমাণ রেখেই এগিয়ে যেতে হবে। এজন্য শ্রম দিতে হবে। পুরুষরা যেন নারীর অগ্রগতির পরিবেশ তৈরি হতে বাধা না দেয়। প্রত্যেক পুরুষের সাফল্যের পেছনে একজন নারী রয়েছে। নারী স্বাধীনতার জন্য সর্বাগ্রে নারীদের নিজেদেরকেই সচেষ্টিত হতে হবে। সকল নেতিবাচকতা থেকে নারীকে ইতিবাচকতার দিকে এগিয়ে যেতে হবে।

প্রধান অতিথি নারীর অগ্রায়ণে অনেকক্ষেত্রেই নারীরা নিজেরাই বাধা উল্লেখ করে বলেন, নারীজাতির স্বার্থেই নারীকে একজন ভালো মা হওয়ার পাশাপাশি একজন ভালো শাশুড়িও হয়ে উঠতে হবে। নারীর এগিয়ে যাওয়ার পথে নারীই যেন বাধা হয়ে না দাঁড়ায়। একজন শাশুড়ি যেন হয় তার ছেলের বউয়ের সবচেয়ে বড় আশ্রয়। গতানুগতিক, ছোটগন্ডির মধ্যে ভাবনার যে প্যাটার্ন সমাজ চাপিয়েছে, তার থেকে নারীদের বেরিয়ে আসতে হবে। নারীর জন্য সামাজিক নিরাপত্তার পরিবেশ তৈরি করতে হবে; যেন সে নির্ভয়ে, নিশ্চিন্তে রাস্তায় বের হতে পারে। সৃষ্টিকর্তা নারীদের দিয়েছে ধৈর্য, সহনশীলতা, মানসিক শক্তি, কষ্টসহিষ্ণুতা। নারী ২য় লিঙ্গ নয়, নারী মানুষ।

ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরীর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা পরিষদ চেয়ারম্যান ইউসুফ খান পাঠান, সিভিল সার্জন ডা. মো. নজরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার এম এম মোহাইমেনুর রশিদ। অন্যান্যদের মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাজনিন সুলতানা, জয়িতা পুরস্কারপ্রাপ্ত প্রধান শিক্ষক জাহানারা খানম, ব্র্যাক এর জেলা সমন্বয়ক জাহাঙ্গীর আলম, জয়িতা পুরস্কারপ্রাপ্ত নারী উদ্যোক্তা রোকেয়া বেগম প্রমুখ বক্তব্য রাখেন। আলোচনা সভায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, নারী উদ্যোক্তা, বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষক-শিক্ষার্থী, নাগরিক প্রতিনিধিসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

#